



## আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড

প্রধান কার্যালয়

গ্রিন সিটি এজ্ (৮ম তলা)

৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।

### “সুদ মওকুফ সুবিধা-২০২১” সংক্রান্ত বিজ্ঞপ্তি

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড (আইএসটিসিএল) এর সম্মানিত মার্জিন হিসাবধারকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধান কার্যালয় ও উত্তরা শাখা কার্যালয়ের বিনিয়োগ হিসাবের আওতায় ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখ ভিত্তিকাল ধরে ঘাটতিযুক্ত বিনিয়োগ হিসাব সমূহের ০১ জানুয়ারি, ২০১১ হতে ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখ পর্যন্ত সময়ের অনারোপিত সুদ (ইতিপূর্বে মওকুফকৃত সুদ ব্যতীত) ও সম্পদ ঘাটতির মধ্যে যা কম সেই পরিমাণ অর্থের ১% নগদ জমাদান সাপেক্ষে ১০০% সুদ মওকুফ সুবিধা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। শূন্য সম্পদযুক্ত মার্জিন হিসাবসমূহের ক্ষেত্রে ৩১.১২.২০২০ তারিখের ডেবিট জের এবং সুদ (ইতিপূর্বে মওকুফকৃত সুদ ব্যতীত) এর মধ্যে যা কম তা বিবেচনায় সর্বোচ্চ ১০০% সুদ মওকুফ সুবিধা প্রদান করা হবে। শূন্য সম্পদযুক্ত মার্জিন হিসাবসমূহের ক্ষেত্রে মোট ডেবিট স্থিতি হতে মওকুফতব্য অর্থ ব্যতীত অবশিষ্ট ডেবিট জের বিনিয়োগকারীগণকে সমন্বয় করতে হবে এবং হিসাবধারী কর্তৃক জমাকৃত অর্থে কোন সিকিউরিটিজ ক্রয় করা যাবে না। কোম্পানির ওয়েব সাইট [www.istcl.com.bd](http://www.istcl.com.bd) এ সুদ মওকুফ সুবিধার আওতাভুক্ত বিনিয়োগ হিসাবের তালিকা দেয়া হয়েছে। বর্ণিত সুদ মওকুফ সুবিধার মেয়াদ আগামী ৩০.০৯.২০২১ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

০৩। বিস্তারিত তথ্যের জন্য আইএসটিসিএল-র নিম্নোক্ত কার্যালয়ে যোগাযোগ করার জন্য মওকুফ সুবিধা গ্রহণে আগ্রহী সম্মানিত হিসাবধারকগণকে অনুরোধ জানানো যাচ্ছে:-

কার্যালয়:

প্রধান কার্যালয়

ঠিকানা

গ্রিন সিটি এজ্ (৮ম তলা)

৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।

ফোন নম্বর

(০২)৮৩০০৪৪৬

(০২)৮৩০০৪৫০

(০২)৮৩০০৪৬৫

উত্তরা কার্যালয়

বাড়ী-১৩ (৩য় তলা)

রোড নম্বর-১৪/এ, সেক্টর-৪

উত্তরা মডেল টাউন, উত্তরা-১২৩০।

(০২)৫৮৯৫০৭৮০

০১৭৬৮-৩৭৯৬১৭



অনুরোধক্রমে কর্তৃপক্ষ

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড